01 SEP 2016

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# ধর্ষণ মামলায় শিক্ষকের যাবজ্জীবন

প্রতিনিধি, বগুড়া

বগুড়ায় এক মাদ্রাসা ছাত্রীকে অপহরণ ও ধর্ষণ মামলায় আবুল বাশার ওরফে বিপ্লব রশিদ নামে এক মাদ্রাসা শিক্ষকের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছেন আদাতল। যাবজ্জীবন কারাদণ্ডাদেশ ছাড়াও পৃথক ধারায় আদালত তাকে ১৪ বছরের সশ্রম কারাদণ্ডাদেশ দেন। এছাড়া দুইটি ধারার একটিতে ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ৬ মাসের কারাদণ্ড এবং অন্য ধারায় ৫০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ডাদেশ দেয়া হয়। বগুড়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১ এর বিচারক গত মঙ্গলবার এই রায় ঘোষণা করেন।

মামলা সূত্রে জানা যায়, দুপচাঁচিয়া উপজেলার তালোড়া আল এবরাতুল কোরানিয়া হাফেজিয়া মহিলা মাদ্রাসার এক কিশোরী শিক্ষার্থীকে ২০০৭ সালের ১৫ অক্টোবর সকালে একই মাদ্রাসার শিক্ষক আবুল বাশার মোটরসাইকেলে বাড়িতে রেখে আসার নাম করে অপহরণ করে। ফুঁসলিয়ে অপহরণের পর নওগাঁর একটি আবাসিক হোটেলে নিয়ে গিয়ে ছাত্রীটিকে জোরপূর্বক ধর্ষণ করে ওই শিক্ষক। অপহরণের সময় ওই শিক্ষার্থী স্থানীয় বোয়ালিয়া এলাকা থেকে বাড়ি ফিরছিল। ঘটনার পরের দিনে আলতাফ নগর রেলস্টেশন এলাকা থেকে ছাত্রীর পরিবারের সদস্যরা কিশোরীকে উদ্ধার ও মোটরসাইকেলসহ ওই শিক্ষককে আটক করে। নির্যাতনের শিকার কিশোরীর বাড়ি বগুড়ার আদমদিঘী উপজেলায়। এ ব্যাপারে থানায় মামলা দায়েরের পর পুলিশ তদন্ত শেষে চার্জশিট দাখিল করে। দীর্ঘ সাক্ষ্য প্রমাণ শেষে অপহরণ ও ধর্ষণ মামলায় শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে আদালত পৃথক ধারায় তাকে যাবজ্জীবন ও ১৪ বছরের কারাদণ্ডসহ জরিমানার আদেশ দেন।